**ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস**
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**

বিজ্ঞপ্তি নং- ৬৮/৩৫ (২০২৬-২০২৭)/ইবাসা **এমফিল/পিএইচ ডি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি** তারিখ ঃ ২০/০১/২০২৬

**শিক্ষাবর্ষ৷ ২০২৬-২০২৭**

ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস (আইবিএসসি), রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পূর্ণকালীন দুই বছর মেয়াদী এমফিল ও তিন বছর মেয়াদী পিএইচ ডি কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে। জীব বিজ্ঞান, কৃষি, চিকিৎসা তথা সিন্ডিকেট অনুমোদিত আইবিএসসি-এর অধিভুক্ত বিভাগ সমূহ থেকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত ব্যক্তিগণ এই প্রোগ্রামে আবেদন করতে পারবেন। ভর্তিপ্রাপ্ত গবেষকগণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক এবং ইবাসার একাডেমিক কমিটি কর্তৃক নির্ধারিত এমফিল প্রোগ্রামের জন্য ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং পিএইচ ডি-এর জন্য ২০,০০০/- (কুঁড়ি হাজার) টাকা মাসিক ফেলোশীপ পাবেন।

আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। **চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ভর্তির প্রাথমিক আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যাদি ভুল প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

চাকুরীরত প্রার্থীকে এমফিল কোর্সে গবেষণার জন্য ১ (এক) বছর এবং পিএইচডি'র জন্য ২ (দুই) বছরের ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে সম্মতিপত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন (প্রজ্ঞাপন: শিম/শাঃ১১/৫-১ (অংশ)/৫৮২, তারিখ ০২.০৬.২০০৯) অনুসারে ২০০১, ২০০২, ২০০৩ সালের এসএসসি বা সমমান এবং ২০০৩ সালের এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফল অনুযায়ী এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

**এমফিল প্রোগ্রামে ভর্তির যোগ্যতা**

৫। (১) প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে।

এবং

(২) জীব বিজ্ঞান/কৃষি অনুষদ অধিভুক্ত/ শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান এবং বিজ্ঞান অনুষদের জীব বিজ্ঞানের গবেষণার সাথে সম্পর্কিত যে কোনো বিষয়ে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) /সমমান এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪.০০ স্কেলে উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

অথবা

এমবিবিএস/বিডিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর থাকতে হবে। চলমান পদ্ধতির অধীনে উত্তীর্ণ প্রার্থীদের ৬৫% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে৷

অথবা

(৩) যে সকল প্রার্থীর উপরে বর্ণিত ৫ ধারার উপধারা (১) অথবা (২)-এর স্নাতক/স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার কোনো একটি শর্ত পূরণ হয় না, তাঁরা এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাদের -

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(খ) স্নাতক (সম্মান) পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে বিষয় ভিত্তিক ন্যূনতম ২ (দুই)টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকে;

অথবা

(ঘ) বিদেশী প্রার্থী/বিদেশী ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে নিজ দেশে/বাংলাদেশ ভিন্ন অন্য কোন দেশে শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষকতার অভিজ্ঞতা বা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকে;

(৩)(ঙ) উপ-ধারা ৩ (ক), (খ), (গ) ও (ঘ) বর্ণিত যোগ্যতাসম্পন্ন জীব বিজ্ঞান/কৃষি অনুষদভুক্ত/ শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান এবং বিজ্ঞান অনুষদের জীব বিজ্ঞানের গবেষণার সাথে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.২৫ এর কম থাকলে তিনি ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন৷

এই উপধারার অধীনে এম.ফিল. প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না। তবে এম.ফিল. ডিগ্রীপ্রাপ্ত হবার পর পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য নতুন গবেষণা শিরোনামে আবেদন করতে পারবেন।



CamScanner

**(খ) পিএইচডি প্রোগ্রামে ভর্তির যোগ্যতা**

৫। (১) প্রার্থীর অবশ্যই এম.ফিল./সমমান ডিগ্রি থাকতে হবে।

অথবা

(২) পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ, পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল./সমমানের ডিগ্রিপ্রাপ্ত দেশী এবং এম.ফিল./সমমানের ডিগ্রিপ্রাপ্ত বিদেশী প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা

(৩) প্রার্থীর যদি এম.ফিল. বিধির ৫ ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/যে কোনো সরকারি বৃত্তি/বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশিপ/আন্তর্জাতিক বৃত্তি/গবেষণা অনুদান অর্জন করে থাকেন, তাহলে তিনি পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা

(৪) এম.ফিল. বিধির ৫ ধারার উপধারা (১) ও (২) এর ভর্তির যোগ্যতাসহ -

(ক) বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত) ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(খ) স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে স্নাতক/স্নাতক (সম্মান ) শ্রেণিতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ৩ (তিন) টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে;

অথবা

(ঘ) বিদেশী প্রার্থী/বিদেশী ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে নিজ দেশে শিক্ষা প্রতিষ্ঠান স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষকতার অভিজ্ঞতা বা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকলে এবং সেই সাথে কোনো স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ৩ (তিন) টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

তবে উপ-ধারা ৪ এর সকল ক্ষেত্রে বর্ণিত যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণের শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম থাকলে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

**অনলাইনে আবেদন ফরম পুরণ এবং দাখিলের জন্য অনুগ্রহ পূর্বক ওয়েব সাইড ভিজিট করুন:**

http://www.mphibscru.com/admission/MPH এই পোর্টালের ভর্তি অপশন হতে M.Phil অথবা Ph.D নির্বাচন করুন। যথাযথভাবে সমস্ত তথ্যাদি পূরনের পর আবেনদকারীকে এই পোর্টালের পছন্দনীয় অপশনের মাধ্যমে অর্থ ২০৫০/- (দুই হাজার পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র দাখিল সম্পন্ন হবে না। অনলাইনে আবেদন জমার পর, আবেদনকারীকে পূরণকৃত ফর্মটি ডাউনলোড করে প্রিন্ট করতে হবে এবং স্বাক্ষর করতে হবে। আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করত: অবশ্যই আবেদন জমা দেয়ার ৭ দিনের মধ্যে পোস্টাল মেইল বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে **পরিচালক**, ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস, স্যার জগদীশ চন্দ্র বসু ভবন রাজশাহী বিশ্ববিদ্যালয় বরাবর পাঠাতে হবে।

**আবেদনের সময়সীমা:** ১১ ফেব্রুয়ারি ২০২৬ (বুধবার)

**প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ:** ০১৭৮৫-৩৩০৩৮৭ / ০১৭১০৬০২২০৮ / ০১৭৬৫৩৮৮৯০৯

20/01/2026

স্বা/-

**পরিচালক**

ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস

রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি নং- ৩৮/৩৫ (২০২৬-২০২৭)/ইবাসা তারিখঃ ২০/০১/২০২৬ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। রেজিস্ট্রার, রাজশাহী/ঢাকা/খুলনা/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/বাংলাদেশ কৃষি/প্রকৌশল/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/উন্মুক্ত/হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/ যশোর বিজ্ঞান প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু কৃষি/কুমিল্লা বিজ্ঞান ও প্রযুক্তি/ জাতীয় বিশ্ববিদ্যালয়/গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

২। সচিব ...................................... মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

৩।ডীন / অধ্যক্ষ ...........................................................

৪। পরিচালক/সভাপতি....................................................

৫। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক পর্যায়ের কলেজ সমূহ।

৬।অফিস নথি ...............................................................

20/01/2026

পরিচালক

ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ড. পারভেজ হাসান
প্রফেসর ও পরিচালক
ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল
রাজশাহী বিশ্ববিদ্যালয়



CamScanner